

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০৪৬.০২৭ ০০.০০.১০২.২০১২-১২০৩

তারিখ : ১৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
০৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ মোখলেসুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর এর বিরুদ্ধে চাঁপাইনবাবগঞ্জ থানার মামলা নম্বর ৩৫, তারিখ ১৭ সেপ্টেম্বর ২০১৭, জি,আর ৪৫৪/১৪ বিশেষ ক্ষমতা-১৯/১৬, ধারা ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য আইনের ৩ ও ৪ এবং জি,আর ৪৫৪/১৪(ক)/১৪ (নবাব) ধারা ১৪৩/১৮৬/৩৪১/৩৩২/৩৫৩/৩০৭/৩৪ দণ্ডবিঃ তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক উপাদানবলী (সংশোধনী/০২) আইনের ৩/৪ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ মোখলেসুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর এর বিরুদ্ধে গত ১৭ সেপ্টেম্বর ২০১৪ তারিখ অনুমান ২.১০টার সময় অন্যান্য আসামীসহ দলবদ্ধ হয়ে নিমতলা পাকা রাস্তার উপর কর্তব্যরত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের উপর ইট-পাটকেল নিক্ষেপসহ ককটেল/হাতবোমা বিস্ফোরণ ঘটিয়ে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের আহত করা এবং জনমনে আতঙ্ক সৃষ্টি করার অভিযোগ রয়েছে। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি এবং তিনি স্বপদে বহাল থাকলে উক্ত মামলাসমূহ পরিচালনায় প্রভাব বিস্তার করতে পারে মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩খ(১) অনুসারে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মোখলেসুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. M. In  
০৪/১০/২০১৭  
(ড. জুলিয়া মর্দীন)  
উপসচিব  
ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬. ০৪৬.০২৭ ০০.০০.১০২.২০১২- ১২০৩

তারিখ : ১৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
০৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৯। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ১২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। জনাব মোঃ মোখলেসুর রহমান, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।

J. M. In  
০৪/১০/২০১৭  
(ড. জুলিয়া মর্দীন)  
উপসচিব